দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবির আইন বিভাগে সান্ধ্য কোর্স চালুর প্রতিবাদে মানববন্ধন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে সান্ধ্যকালীন কোর্স চালুর পরিকল্পনার প্রতিবাদে মানববন্ধন করেছে বিভাগের শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সায়েন্স এনেক্স বিল্ডিং চত্বরে এই মানববন্ধনে অংশ নেয় বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা। মানববন্ধন থেকে শিক্ষার্থীরা অবিলম্বে আইন বিভাগে সান্ধ্যকালীন কোর্স খোলার পরিকল্পনা বাদ দিয়ে বিভাগের বিদ্যমান অন্যান্য সমস্যা সমাধানের প্রতি শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করেন। বিভাগের ৩৯তম বর্ষের মাস্টার্সের শিক্ষার্থী রায়িদা কাইয়ুম বলেন, অন্যান্য বিভাগের তুলনায় আইন বিভাগে এমনিতেই দেড় বছর পিছিয়ে আছে। শিক্ষকরা সময়মতো খাতা না দেখতে পারায় ফল প্রকাশে দেরি হয়। এখনই শিক্ষকরা নিয়মিত ক্লাস-পরীক্ষা নিতে পারেন না সেখানে নাইট কোর্স চালু হলে কীভাবে সম্ভব তা আমার বোধগম্য নয়। ৪২ ব্যাচের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আবদুল্লাহ আসাদ বলেন, বিভাগটিতে ভর্তি হওয়ার পর থেকেই দেখছি নানা সঙ্কট। তার মধ্যে প্রধানতম হল ফল প্রকাশে বিলম্ব। এখন নতুন করে অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করলেও শিক্ষক কিন্তু বাড়ছে না। সে হিসেবে এ কোর্স চালু করলে এ সমস্যা আরও বাড়বে। মানববন্ধন সঞ্চালনা করেন ৪৩তম ব্যাচের শিক্ষার্থী আহসান শুভ্র। মানববন্ধনে বক্তব্য রাখেন– ৪১তম ব্যাচের শিক্ষার্থী মহিউদ্দিন মাহি, ৪৩তম ব্যাচের কিবরিয়া শিবলু, ৪৪তম ব্যাচের দীপ্ত ও সৈয়দ আবদুল্লাহ প্রমুখ।